

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের কার্যালয়
নবীগঞ্জ, হবিগঞ্জ।

স্মারক নং-৩৭.০৪.৩৬৭৭.০০০.০৬.০০১.২৫/১৩৮

তারিখ : ০৯/১০/২০২৫ খ্রি.

বিষয় : নাদামপুর উচ্চ বিদ্যালয়, নবীগঞ্জ, হবিগঞ্জ এর ম্যানেজিং কমিটির নির্বাচন/২০২৫ সংক্রান্ত বিজ্ঞপ্তি।

সূত্র : উপজেলা নির্বাহী অফিসার, নবীগঞ্জ, হবিগঞ্জ মহোদয়ের স্মারক নং-০৫.৪৬.৩৬৭৭.০০০.০৪.০০১.২৫-১২১১, তারিখ : ২৫/০৯/২০২৫ খ্রি.

এতদ্বারা অত্র নবীগঞ্জ উপজেলায় অবস্থিত নাদামপুর উচ্চ বিদ্যালয় এর সকল ভোটারগণকে জানানো যাচ্ছে যে, এস.আর.ও নং ৭৭ আইন/২০২৪ (নিম্ন মাধ্যমিক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা স্তরের বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের গভর্নিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধিমালা অনুযায়ী নাদামপুর উচ্চ বিদ্যালয় ম্যানেজিং কমিটির নির্বাচন/২০২৫ এর জন্য নিম্নোক্ত তফসীল ঘোষণা করা হল।

“নির্বাচনী তফসীল”

বিবরণ	তারিখ	সময়সূচি	স্থান
মনোনয়ন বিতরণ ও গ্রহণ	১৪/১০/২০২৫ খ্রি. হতে ১৬/১০/২০২৫ খ্রি. পর্যন্ত।	সকাল ১০ টা থেকে বিকাল ০৪ টা	প্রধান শিক্ষক-এর কার্যালয়, নাদামপুর উচ্চ বিদ্যালয়।
মনোনয়ন পত্র বাছাই	১৯/১০/২০২৫ খ্রি.	সকাল ১১:০০ টা	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের কার্যালয়।
মনোনয়ন পত্র প্রত্যাহার	২৩/১০/২০২৫ খ্রি.	সকাল ১০ টা হতে বিকাল ০৪ টা	প্রধান শিক্ষক-এর কার্যালয়, নাদামপুর উচ্চ বিদ্যালয়।
নির্বাচন	১০/১১/২০২৫ খ্রি.	সকাল ১০ টা হতে বিকাল ০৪ টা	নাদামপুর উচ্চ বিদ্যালয়।

সকল শ্রেণির (সাধারণ শিক্ষক, সংরক্ষিত মহিলা শিক্ষক, সাধারণ অভিভাবক, সংরক্ষিত মহিলা অভিভাবক, দাতা ও প্রতিষ্ঠাতা) সদস্য পদে নির্বাচন একযোগে এবং একই সময়ে অনুষ্ঠিত হবে।

প্রবিধিমালা মোতাবেক ঘোষিত তফসীল অনুযায়ী বিভিন্ন ক্যাটাগরীতে (সাধারণ শিক্ষক, সংরক্ষিত মহিলা শিক্ষক, সাধারণ অভিভাবক, সংরক্ষিত মহিলা অভিভাবক, দাতা ও প্রতিষ্ঠাতা) সদস্য পদে নির্বাচন অংশগ্রহণে আগ্রহী প্রার্থীগণের নিকট থেকে নির্ধারিত ফরমে মনোনয়ন পত্র আহবান করা যাচ্ছে। মনোনয়ন পত্রের ফরম নাদামপুর উচ্চ বিদ্যালয়'র প্রধান শিক্ষকের কার্যালয় থেকে সংগ্রহ করা যাবে।

আগ্রহী প্রার্থীগণকে যথাযথভাবে পূরণকৃত মনোনয়ন পত্র, তফসীলে বর্ণিত তারিখ ও সময়ের মধ্যে নাদামপুর উচ্চ বিদ্যালয়-এর প্রধান শিক্ষকের নিকট জমা প্রদানের জন্য অনুরোধ করা হল। বিদ্যালয়ের সীল মোহর ব্যতীত কোন মনোনয়ন গ্রহণ করা হবে না।

মনোনয়ন পত্র সীলগালাকৃত খামে জমা দিতে হবে। উল্লেখ্য যে, নির্ধারিত তারিখ ও সময়ের পরে কোন মনোনয়নপত্র গ্রহণ করা হবে না।

উপজেলা নির্বাহী অফিসার,
নবীগঞ্জ, হবিগঞ্জ।

(মোঃ শাহ আলম)

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার
নবীগঞ্জ, হবিগঞ্জ।

ও

প্রিজাইডিং অফিসার, নাদামপুর উচ্চ বিদ্যালয়
ম্যানেজিং কমিটি নির্বাচন/২০২৫

স্মারক নং-৩৭.০৪.৩৬৭৭.০০০.০৬.০০১.২৫/১৩৮

তারিখ : ০৯/১০/২০২৫ খ্রি.

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো :

০১। অফিসার ইনচার্জ, নবীগঞ্জ থানা, হবিগঞ্জ।

০২। প্রধান শিক্ষক, নাদামপুর উচ্চ বিদ্যালয়, নবীগঞ্জ, হবিগঞ্জ। (বিদ্যালয়ের নোটিশ বোর্ডে ও শ্রেণিকক্ষে ব্যাপক প্রচারের অনুরোধসহ)

০৩। অফিস সংরক্ষণ কপি।

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার
নবীগঞ্জ, হবিগঞ্জ।

ও

প্রিজাইডিং অফিসার, নাদামপুর উচ্চ বিদ্যালয়
ম্যানেজিং কমিটি নির্বাচন/২০২৫